শপথ নিলেন ঝিনাইদহ-১ আসনের এমপি নায়েব আলী জোয়ার্দার

দ্বাদশ জাতীয় সংসদের ঝিনাইদহ-১ আসনের উপনির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা নায়েব আলী জোয়াদ্দার শপথ নিয়েছেন।

আজ ররিবার জাতীয় সংসদ ভবনের শপথ গ্রহন কক্ষে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী তাকে শপথবাক্য পাঠ করান। শপথ শেষে রীতি অনুযায়ী এমপি নায়েব আলী শপথ বইয়ে স্বাক্ষর করেন।

শপথ অনুষ্ঠান সঞ্চালনা করেন সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব কে এম আব্দুস সালাম। এসময় চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী, হুইপ ইকবালুর রহিম, হুইপ নজরুল ইসলাম বাবু, হুইপ সানজিদা খানম এবং ঝিনাইদহ-২ আসনের এমপি মো. নাসের শাহরিয়ার জাহেদী উপস্থিত ছিলেন। এছাড়া সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ-১ আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আবদুল হাই গত ১৬ মার্চ চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তার মৃত্যুতে আসনটি শূন্য ঘোষণা করে ভোটের তফসিল ঘোষণা করেন ইসি। আগামী ৫ জুন ওই আসনে উপনির্বাচনে ব্যালটের মাধ্যমে ভোট অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু গত ১৮ মে প্রার্থিতা প্রত্যাহারের শেষদিনে ভোটে অংশ নেওয়া তিন প্রার্থীর মধ্যে স্বতন্ত্র জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নজরুল ইসলাম দুলাল ও খেলাফত আন্দোলনের আব্দুল আলি নিজামি প্রার্থিতা প্রত্যাহার করে ভোট থেকে সরে দাঁড়ান। পরে নায়েব আলী জোয়াদ্দারকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী ঘোষণা করে নির্বাচন কমিশন।

নবনির্বাচিত এমপি নায়েব আলী জোয়ারদার শৈলকুপা ও ঝিনাইদহে ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন।

শৈলকুপার কৃতি সন্তান নায়েব আলী জোয়ার্দ্দার একজন বীর মুক্তিযোদ্ধা এবং ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে মুজিব বাহিনীর সর্বকনিষ্ঠ গেরিলা যোদ্ধা হিসাবে পরিচিত।

রাজনৈতিক জীবনে তিনি ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি, কেসি

কলেজ ছাত্রলীগের সাবেক এজিএস, ঝিনাইদহ জেলা যুবলীগের সাবেক সহ-সভাপতি, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাবেক মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক সহ আওয়ামী লীগের নানান সাংগঠনিক পদে নেতৃত্ব দিয়ে এসেছেন। বর্তমানে নায়েব আলী জোয়ার্দ্দার ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের অন্যতম সদস্য।

আওয়ামী লীগের এই প্রবীণ এই নেতা ঝিনাইদহের শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক সহ শৈলকুপার ১৪ নং দুধসর ইউনিয়ন থেকে ৩বার ইউপি চেয়ারম্যান ছিলেন। তিনি শৈলকুপা উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন।

সংসদ সদস্য হিসেবে শপথ নিলেন চুয়াডাঙ্গা দুটি আসনের এমপিরা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে এলাকা ৭৯ চুয়াডাঙ্গা -১ আসনের আওয়ামী লীগের নবনির্বাচিত টানা চারচার বারের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি ও বর্ষীয়ান রাজনীতিবিদ আওয়ামী লীগের মনোনীত নৌকার প্রতিকে বিজয়ী প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন ও ৮০ চুয়াডাঙ্গা-২ সংসদীয় আসনের হাজী আলী আজগর টগর।

আজ বুধবার সকাল ১০টার সময় সংসদ ভবনের শপথকক্ষে এ শপথ অনুষ্ঠিত হয়।এ সময় নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ বাক্য পাঠ করান জাতীয় সংসদের স্পিকার ড. শিরিন শারমিন চৌধুরী।

গত ৭ জানুয়ারি ২৯৯ আসনের নির্বাচন অনুষ্ঠিত হলেও ২৯৮ আসনের ফল বেসরকারিভাবে ঘোষণা করে ইসি। এর মধ্যে আওয়ামী লীগ ২২২, জাতীয় পার্টি ১১ এবং ওয়ার্কার্স পার্টি, জাসদ ও কল্যাণ পার্টি একটি করে আসনে নির্বাচিত হয়েছে। এ ছাড়া স্বতন্ত্র প্রার্থীরা জেতেন ৬২টি আসনে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ জয় পেয়ে টানা চারবারের মতো সরকার গঠন করে।

৭৯ চুয়াডাঙ্গা ১ সংসদীয় আসনে নির্বাচিত হন আওয়ামী লীগ মনোনীত

প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন তিনি মোট ৯৬ হাজার ২শত ৬৬ ভোট পেয়ে বিজয়ী হন।এ নির্বাচনে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী দিলীপ কুমার আগরওয়ালা ঈগল প্রতীকে ৭২ হাজার ৭ শত ৬৮ ভোট পান।

৮০ চুয়াডাঙ্গা ২ সংসদীয় আসনে নির্বাচিত হন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হাজী মোঃ আলী আজগার টগর তিনি মোট ১ লাখ ৭ হাজার ৫৯ ভোট পেয়ে বিপুল ভোটে বিজয়ী হন।এ নির্বাচনে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী আবু হাশেম রেজা ট্রাক প্রতীকে ৬০ হাজার ৮৩৪ ভোট পেয়েছিলেন।

গত ৭ জানুয়ারি রাতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বেসরকারিভাবে এ ফলাফল ঘোষণা করেন চুয়াডাঙ্গা-১ ও চুয়াডাঙ্গা-২ আসনের রিটার্নিং অফিসার জেলা প্রশাসক ড কিসিঞ্জার চাকমা।